নাগরিক প্ল্যাটফর্মের মিডিয়া ব্রিফিং

# আগামী সরকারের জন্য নির্বাচিত নীতি সুপারিশ ও প্রস্তাবিত জাতীয় কর্মসূচি




# প্রস্তাবিত জাতীয় কর্মসূচি

ঢাকা: ১৫ জানুয়ারি ২০২৬


জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে আগামী সরকারকে বৈষম্যবিরোধী, কল্যাণকর এবং জবাবদিহিমূলক রাষ্ট্র বিনির্মাণের পথে এগিয়ে নিতে

# প্রস্তাবিত ১০টি জাতীয় কর্মসূচি

## কর্মসূচিগুলোর উদ্দেশ্য কি?



পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সম্ভাবনাকে কাজে লাগানোর মাধ্যমে তাদের সামাজিক উত্তরণ



বৈষম্য হ্রাস



টেকসই উন্নয়ন তরান্বিতকরণ

# কাদের জন্য ?



বিদ্যালয়ের শিশু




শ্রমবাজারে প্রবেশরত যুব



অসুস্থ বয়স্ক



গ্রামীণ কৃষক




শহরের নিম্নবিত্ত ও মধ্যবিত্ত



শ্রমজীবি ও পেশাজীবি



দারিদ্র্যপীড়িত ও জলবায়ু-ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী



কর্মজীবী নারী



উদ্যোক্তা ও ব্যবসায়ী

বাংলাদেশের সকল নাগরিককেই কোন না কোন ভাবে উন্নত পরিষেবা প্রদানে এবং তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে

# কোন চ্যালেঞ্জগুলো মোকাবিলা হবে?

অর্থনৈতিক

জলবায়ুজনিত বাস্তুচ্যুতি

সামাজিক

রাজস্ব ফাঁকি

নারীদের শ্রমবাজার থেকে ছিটকে পড়া

অপচয়

শোভন কর্মসংস্থানের অভাব

বিভিন্ন তথ্যভাণ্ডারে আন্তঃসংযোগের অভাব

সুবিধাভোগী নির্বাচনে ত্রুটি

নির্ভরযোগ্য তথ্য

বেকারত্ব

সুশাসন

শিশুশ্রম

আমলাতান্ত্রিক জটিলতা

শ্রমবাজারের সংযোগহীনতা

পরিবেশগত

দুর্নীতি

বাল্যবিবাহ

ঋণ ও আর্থিক সেবায় সীমিত প্রবেশাধিকার

অপুষ্টি


# বিশেষত্ব কি?

**শুধুমাত্র আকাঙ্ক্ষাভিত্তিক প্রস্তাব নয়!**

**বাস্তবায়ন কৌশল তৈরিতে মূল্যায়ন করা হয়েছে**


## আর্থিক সক্ষমতা





## প্রাতিষ্ঠানিক কাঠামো

## সম্ভাব্য ঝুঁকি



# সর্বজনীন ন্যূনতম আয়

## পরিবার প্রতি মাসে ৪ হাজার ৫৪০ টাকা নগদ সহায়তা



**বৈষম্য ও ঝুঁকি কমাতে আর্থিক নিরাপত্তার নিশ্চয়তা**

### কাদের জন্য

প্রথম ধাপে ১১ টি জেলায় ২৮ লক্ষ, দ্বিতীয় ধাপে ৩৬ টি জেলায় ৮০ লক্ষ এবং শেষ ধাপে ৬৪ জেলায় ১৪৭ লক্ষ পরিবার আওতাভুক্ত হবে। দারিদ্র্য স্কোর কার্ডের মাধ্যমে নির্বাচিত তালিকা পুনঃমূল্যায়ন হবে প্রতি দুই বছরে

### সুফলসমূহ

চাকরির অনিশ্চয়তা, দুর্যোগ ও ঋণ-সেবার সীমাবদ্ধতায় বিপন্ন জনগোষ্ঠী আরও পিছিয়ে পড়বে না

### বাস্তবায়ন ব্যয়

৩৬ টি জেলায় বাস্তবায়নে সরকারের নিজস্ব বাজেটের বরাদ্দে অর্থায়ন- দরকার প্রতি বছরে ৪০ হাজার ৬০০ কোটি (জিডিপির ০.৭৩%)

# সরকারি বিদ্যালয়ে মিড-ডে মিল

## বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রতিদিন এক বেলা পুষ্টিকর খাবার



**শেখার সাথে ক্ষুধার অবসান**

### কাদের জন্য

সরকারি প্রাথমিক, মাধ্যমিক ও এমপিওভুক্ত বিদ্যালয়গুলোতে ১.১৮ কোটি শিক্ষার্থী

### সুফলসমূহ

ভর্তি, উপস্থিতি ও শ্রেণিকক্ষে শেখার সক্ষমতা বাড়বে; ঝরে পড়া (বিশেষ করে ছাত্রীদের), শিশুশ্রম ও বাল্যবিবাহ কমবে

### বাস্তবায়ন ব্যয়

বাজেটের বরাদ্দে বছরে দরকার প্রায় ৮ হাজার ২৮৮ কোটি টাকা (জিডিপির ০.১৩%)

# যুব ক্রেডিট কার্ড

## ক্রেডিট কার্ডের মাধ্যমে সর্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত সুদ ও জামানতবিহীন ঋণ সুবিধা




**আত্মউন্নয়নে কর্মদক্ষ যুবশক্তি**

### কাদের জন্য

প্রতি বছর ১ লক্ষ যুব (১৮ থেকে ২৪ বছর) সেবা পাবেন

### সুফলসমূহ


সুবিধাবঞ্চিত তরুণদের ভবিষ্যৎ গড়ার প্রচেষ্টা অর্থের অভাবে ব্যাহত হবে না- শিক্ষা, দক্ষতা উন্নয়ন ও চাকরির আবেদন সংক্রান্ত উচ্চ ব্যয় বহনে সহায়ক হবে

### বাস্তবায়ন ব্যয়

বাজেটের বরাদ্দে বার্ষিক ব্যয়- ১০০০ কোটি টাকা (ফেরতযোগ্য) তহবিল এবং ১৩৪ কোটি টাকা সেবাশুল্ক পরিশোধ (জিডিপির ০.০১%)

# জাতীয় স্বাস্থ্য কার্ড

## পরিবার প্রতি বছরে ১ লক্ষ টাকা মূল্যমানের চিকিৎসা গ্রহণের সুযোগ



**চিকিৎসা ব্যয়ের দুশ্চিন্তার প্রতিকার, প্রতিটি জীবনের নিরাপত্তা**

### কাদের জন্য

প্রথম ধাপে আওতাভুক্ত হবে ৬১ লক্ষ বয়স্ক ভাতাভোগীর  পরিবার

### সুফলসমূহ

জরুরি চিকিৎসা সেবা থেকে আর টাকার অভাবে বঞ্চিত হবে না; উপকার পাবে দরিদ্র, বয়স্ক ও ঝুঁকিপূর্ণ মানুষ; চিকিৎসার খরচে আর কেউ সর্বস্বান্ত হবে না

### বাস্তবায়ন ব্যয়

বাজেটে অর্থায়ন- বার্ষিক ব্যয় সর্বোচ্চ (ব্যবহারের উপর নির্ভর করে) ৬১ হাজার কোটি টাকা (জিডিপির ১%)

# কৃষক স্মার্ট কার্ড

শস্য খাতের সকল প্রকৃত কৃষকের জন্য স্মার্ট কার্ড- সেবা বিতরণ হবে আবেদনের প্রেক্ষিতে ও লটারির মাধ্যমে




**কৃষকের চাহিদামতো কৃষি প্রণোদনা**

### কাদের জন্য

প্রায় ১ কোটি ৬৫ লক্ষ কৃষি পরিবার (নারী ও পুরুষ উভয়ই)

### সুফলসমূহ

সম্প্রসারণ সেবা পৌঁছাবে প্রকৃত কৃষকের কাছে, কমবে কৃষকের উৎপাদন ব্যয়, প্রণোদনার চাহিদার ধারণা মিলবে

### বাস্তবায়ন ব্যয়

“পার্টনার” প্রকল্প পরিমার্জনে হবে বাস্তবায়ন (নতুন বরাদ্দ নেই)- ডিজিটাল কৃষি সম্প্রসারণ সেবা ও ই–ভাউচার ভর্তুকি বাস্তবায়নে বার্ষিক বরাদ্দ প্রায় ১৫৯ কোটি টাকা (জিডিপির ০.০০২%)

# জাতীয় শ্রমবাজার তথ্য বিনিময় প্ল্যাটফর্ম

জাতীয় চাকরি প্ল্যাটফর্ম-সব পেশার চাকরিপ্রার্থীদের জন্য দেশে ও বিদেশে চাকরি খোঁজা, পরামর্শ গ্রহণ ও প্রশিক্ষণ সুবিধা



সংযুক্ত শ্রমবাজার, কর্মসুযোগের নতুন দিগন্ত

### কাদের জন্য

৭.১৭ কোটি শ্রমশক্তির মধ্যে যারা কাজ খুঁজছেন (মূলত যুব)

### সুফলসমূহ

চাকরিদাতা এবং চাকরিপ্রার্থীর সংযোগ স্থাপন; গ্রামীণ ও শ্রমজীবী গোষ্ঠীর জন্যও চাকরির তথ্য হবে সমানভাবে সহজলভ্য; বাড়বে শ্রমের গতিশীলতা; সহজ হবে অর্থনৈতিক ও কর্মসংস্থান নীতি প্রণয়ন

### বাস্তবায়ন ব্যয়

সরকারি বেসরকারি অংশীদারিত্বে অর্থায়ন- বাস্তবায়নে সরকারের প্রাথমিক ব্যয় ১০ কোটি টাকা (জিডিপির ০.০০০১%)

# কর্মজীবী নারীদের জন্য কমিউনিটি-ভিত্তিক শিশু দিবাযত্ন কেন্দ্র

ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ এবং চট্টগ্রামে ৪০০টি দিবাযত্ন কেন্দ্র- সপ্তাহে ৬ দিন, ১০ ঘণ্টা সেবা




**শিশুর নিরাপদ শৈশব, মায়ের উদ্বেগহীন কর্মক্ষেত্র**

### কাদের জন্য

নিম্নআয়ের শ্রমজীবি (মূলত শিল্পে কর্মরত) মায়েদের ২৪ হাজার শিশু পরিচর্যা পাবে

### সুফলসমূহ


কর্মজীবী অভিভাবকদের সহায়তা; শিশুদের জন্য নিরাপদ পরিবেশ, নারীদের কর্মক্ষেত্রে অংশগ্রহণ ও আর্থিক ক্ষমতায়ন বৃদ্ধি

### বাস্তবায়ন ব্যয়

সরকারি-বেসরকারি অংশীদারিত্বে অর্থায়ন - ব্যয় বছরে প্রায় ২১২ কোটি টাকা (জিডিপির ০.০০৫%)

# নগরাঞ্চলে সমন্বিত গণপরিবহন ব্যবস্থা

নগরে সরকার নিয়ন্ত্রিত ও ফ্র্যাঞ্চাইজ ভিত্তিক বাস ব্যবস্থাপনা- একটি রুটে একাধিক কোম্পানির বাস নয়, সরকার-বাসমালিকের যৌথ মালিকানা, চালক ও সহকারীরা হবে বেতনভুক্ত কর্মচারী




**নির্ভরযোগ্য পরিবহণ সেবায় নগর আধুনিকায়ন**

### কাদের জন্য

নগরের নিম্নবিত্ত ও মধ্যবিত্ত জনগণ

### সুফলসমূহ


যানজট, বাসগুলোর মধ্যে অসুস্থ প্রতিযোগিতা, বাসের রুট, স্টপেজ, ও ভাড়া সংক্রান্ত অনিয়ম থেকে প্রতিকার

### বাস্তবায়ন ব্যয়

চলমান বিদেশী ঋণযুক্ত প্রকল্প পরিমার্জন সাপেক্ষে বার্ষিক ব্যয় ৪০০ কোটি টাকা (জিডিপির ০.০০৬%)- প্রয়োজন হবে শুল্ক এবং ঋণ প্রণোদনা এবং ব্যক্তিখাতের সাথে অংশীদারিত্ব

# সমন্বিত কর ব্যবস্থা

একটি সেবাকেন্দ্রিক কর ব্যবস্থা- স্বয়ংক্রিয়ভাবে রিটার্ন পূরণ, যাচাই ও অতিরিক্ত কর ফেরত; ই-পেমেন্ট সুবিধা




**স্বচ্ছ কর ব্যবস্থা, জাতীয় উন্নয়নের সোপান**

### কাদের জন্য

সকল সৎ করদাতা (ব্যক্তি ও প্রতিষ্ঠান) সহজ ও হয়রানিমুক্ত সেবা পাবে, রাজস্ব আহরণ বাড়ার ফলে উন্নয়ন অর্থায়ন বৃদ্ধি পাবে

### সুফলসমূহ


কর ফাঁকি, প্রশাসনিক দীর্ঘসূত্রিতা ও কর ব্যবস্থাপনার ব্যয় কমবে

### বাস্তবায়ন ব্যয়

বিশ্বব্যংকের ঋণের টাকায় চলমান প্রকল্প পরিমার্জনে বাস্তবায়ন সম্ভব - বার্ষিক ব্যয় গড়ে ৪৫০ কোটি টাকা (জিডিপির ০.০০৭%)

# জাতীয় সমন্বিত তথ্যভাণ্ডার

## সকল নাগরিকের গুরুত্তপূর্ণ তথ্যের সন্নিবেশিত ব্যবস্থা




**সকলের তথ্যে নির্বিঘ্ন নাগরিক সেবা**

### কাদের জন্য

দেশের সকল নাগরিক উপকারভোগী হবেন

### সুফলসমূহ

বিভিন্ন পর্যায়ের তথ্যভাণ্ডারের মধ্যে আন্তঃসংযোগ, পরিষেবা প্রদানে চাহিদা নিরূপণ, ডুপ্লিকেশন রোধ ও তথ্য যাচাই সহজ হবে; বাড়বে নাগরিক পরিষেবা এবং রাজস্ব সংগ্রহ; সহায়তা করবে পূর্বে প্রস্তাবিত কর্মসূচিগুলোর কার্যকরণে

### বাস্তবায়ন ব্যয়

বাজেটের বরাদ্দে বছরে ২০০ কোটি টাকা ব্যয় (জিডিপির ০.০১%)

# বাস্তবায়নের পূর্বশর্ত

মোট ব্যয়
জিডিপির ২%


সময়কাল
১-২ বছর থেকে চলমান

## অর্থায়নের উৎস




**দরকার হবে চলমান প্রকল্পের পরিমার্জন!**

# বাস্তবায়নের পূর্বশর্ত



কাঠামোগত সংস্কার

- তথ্যভাণ্ডারের আন্তঃসংযোগ
- ডিজিটাল রূপান্তর
- দুর্নীতি নিরসন
- রাজনৈতিক অঙ্গীকার
- আর্থিক সক্ষমতা বাড়ানো
- তথ্যের নিরাপত্তা
- সুষ্ঠু পর্যবেক্ষণ, পর্যালোচনা ও নিরীক্ষা

# ধন্যবাদ

www.bdplatform4sdgs.net   BDPlatform4SDGs   bdplatform4sdgs   coordinator@bdplatform4sdgs.net